
মজার খেলা ধাঁধার খেলা



জলধর মল্লিক

মজার খেলা ধাঁধার খেলা

জলধর মল্লিক

সত্যেন মৈত্র জনশিক্ষা সমিতি
২৫/২, বারোয়ারিতলা রোড; কলকাতা - ৭০০০১০

মজার খেলা ধাঁধার খেলা
Majaar Khelaa Dhaandhaar Khelaa

প্রথম প্রকাশ	:	৫ জুন, ২০০৩
দ্বিতীয় সংস্করণ	:	এপ্রিল, ২০০৬
প্রচ্ছদ	:	পার্থ মৈত্র
অলংকরণ	:	সুব্রত মাজি
অক্ষরবিন্যাস	:	রুনু মজুমদার
মুদ্রক	:	সুপারফাস্ট প্রিন্ট ৩৬৬/সি, জি টি রোড, হাওড়া
মূল্য	:	পনেরো টাকা।

লেখকের নিবেদন

ধাঁধা লোকের মুখে মুখে ফেরে। অনেক কাল থেকেই চলে আসছে এটা। সামাজিক উৎসবেও ধাঁধার চল আছে। আমাদের চেনা জিনিস এটা।

ধাঁধার মধ্যে একটা হেঁয়ালি থাকে। সেই হেঁয়ালির উত্তরটা খুঁজে বের করার মধ্যে একটা মজা আছে। এক তরফ ধাঁধা বলে — অন্য তরফ তার উত্তর দেয়। তাই এ এক মজার খেলা। মানুষের মনকে টানে খুব এই খেলা।


নবসাক্ষরদের জন্যে বইটি তৈরি করা হয়েছে। আশা করি — ধাঁধা বলা আর তার উত্তর খোঁজার মধ্যে পড়ুয়ারা মজা পাবেন। আবার লেখা ও পড়ার চর্চাও থাকবে।


বিনীত

কলকাতা

৮ মে, ২০০৩


জলধর মল্লিক









ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা











ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা (১)

[*খেলার নিয়ম* — নিচে ছড়ায় বাঁধা ৪ খানা চলতি ধাঁধা আছে। প্রতি ধাঁধার শেষে ঐ ধাঁধার উত্তর লেখার জন্য খালি জায়গা আছে। জায়গাটা দেখতে এই রকম (উত্তর ....)।

ধাঁধাগুলোর নিচে ৪ খানা ছবি আছে পাশাপাশি। এক একটা ছবিতে এক একটা ধাঁধার উত্তর খুঁজে পাওয়া যাবে। তবে ছবিগুলো এলোমেলো করে সাজানো। প্রথমে ১ নং ধাঁধাটা পড়তে হবে। তারপর নিচের ৪ খানা ছবি থেকে উত্তরটা খুঁজে বার করতে হবে।

এরপর উত্তরটা ঐ ধাঁধার নিচে থাকা খালি জায়গায় লিখতে হবে। এভাবে ৪ খানা ধাঁধার উত্তর লিখতে হবে। এই বইয়ের শেষ পাতায় ধাঁধাগুলোর সঠিক উত্তর দেওয়া আছে। মিলিয়ে দেখলেই বোঝা যাবে উত্তরগুলোর কোনটা ঠিক আর কোনটা বেঠিক।]

ধাঁধা —

১) বন থেকে বেরুল টিয়া
সোনার টোপর মাথায় দিয়া।

উত্তর ....

২) বাড়িতে আছে কাঠের গাই
বছর বছর দই খাই।

উত্তর ....


৩) একটু খানি গাছে
রাঙা বউটি নাচে।


উত্তর ....


৪) জনম যখন পাই
আমার নড়চড় নাই।


উত্তর ....

নিচে ছবির আকারে দেওয়া আছে ধাঁধাগুলোর সঠিক উত্তর -









ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা (২)

[*খেলার নিয়ম* — আগের খেলার মতোই খেলতে হবে।]

ধাঁধা —

১) খুললে ঘর, বন্ধ হলে লাঠি।

উত্তর ....

২) একো বেকো টেকো
মাটির নিচে টেকো।

উত্তর ....


৩) আছে তাহার পাতা
নয়কো কোনো খাতা,
যদি রাখেন বন্ধ,
হয়ে যাবেন অন্ধ।

উত্তর ....

৪) পাখা আছে, পাখি নয়
রাত-বিরেতে উড়তে রয়।

উত্তর ....

নিচে ছবির আকারে দেওয়া আছে ধাঁধাগুলোর সঠিক উত্তর -



ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা (৩)

[*খেলার নিয়ম* — আগের খেলার মতোই খেলতে হবে।]

ধাঁধা —

১) দিনের বেলা লেংটা
রাতের বেলা ঘোমটা

উত্তর ....

২) মুখ নাই কথা বলে
পা নাই হেঁটে চলে।

উত্তর ....


৩) চুলগুলি তার খোসা খোসা
লম্বা শরীর রসে ঠাসা।

উত্তর ....

৪) কালো মেয়ে আকাশে চলে
কলসি থেকে জল ঢালে।


উত্তর ....

নিচে ছবির আকারে দেওয়া আছে ধাঁধাগুলোর সঠিক উত্তর -



ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

অক্ষরকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা



অক্ষরকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা (১)

[*খেলার নিয়ম* — নিচে ছড়ায় বাঁধা ৪ খানা ধাঁধা আছে। প্রতি ধাঁধার শেষে একটা করে খোপ কাটা ঘর আছে। ঐ ধাঁধার উত্তর লেখার জন্যে। দেখতে এই রকম : উত্তর

প্রতি খোপ কাটা ঘরে একটা করে অক্ষর আছে। এই অক্ষর ধারে ধাঁধাটার উত্তর বার করতে হবে। তারপর উত্তর মাফিক উত্তরের বাকি অক্ষরগুলো খালি ঘরে বসাতে হবে।

এভাবে ৪ খানা ধাঁধার উত্তর লিখতে হবে। এই বইয়ের শেষ পাতায় ধাঁধাগুলোর সঠিক উত্তর দেওয়া আছে। মিলিয়ে দেখলেই বোঝা যাবে উত্তরগুলোর কোনটা ঠিক আর কোনটা বেঠিক।]

ধাঁধা —

১) হাত নাই, পা নাই
দেশে দেশে ঘোরে,
এর অভাবে লোকে রে ভাই
রেশন নিতে নারে।

উত্তর -

	কা

২) এক হাত লম্বা গাছটা
ফল তাতে লম্বা পাঁচটা।

উত্তর -

	ত

৩) কখনো চলে আস্তে ধীরে
কখনো দারুণ জোরে
ধরার মাঝে আছেন তিনি
অধরা যে হয়ে।

উত্তর -

	তা	

৪) একটি তার মাথা
একটি তার হাত
এই দিয়ে সে করতে পারে
জগৎ চূর্ণপাত।

উত্তর -

		ড়ি

ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

অক্ষরকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা (২)

[*খেলার নিয়ম* — আগের পাতার খেলার মতোই খেলতে হবে।]

ধাঁধা —

১) সাগরেতে জন্ম
লোকালয়ে বাস,
মায়ে ছুঁলে ছেলে মরে
এ কি সর্বনাশ!

উত্তর -

		ণ

২) তিন অক্ষরে নাম তার
সর্বজন খায়,
প্রথম অক্ষর ছেড়ে দিলে
নারীর হাতে শোভা পায়।

উত্তর -

		ড়ি

৩) জনহীন গাজন
মা হারা মাছ,
দুইয়ে মিলে গড়ে তোলে
জগতের সাজ।

উত্তর -

	ছ

৪) দাম গুড় গুড়, দাম গুড় গুড়,
দামের তলায় বাসা।
হাড্ডি নাই, গুড্ডি নাই,
রক্ত খাইবার আশা।

উত্তর -

	ক

ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

ছড়ায় মোড়া মজার ধাঁধা

[*খেলার নিয়ম* — নিচে একটা ছড়া আছে। ছড়াটি একটা ধাঁধা। ভালো করে পড়লেই সঠিক উত্তরটা খুঁজে পাওয়া যাবে। উত্তরটা ছড়ার নিচে খালি জায়গায় লিখতে হবে।]



দুই অক্ষরে নাম তার
সবার তারে চাই,
না মিলিলে তারে রে ভাই
প্রাণ করে আই ঢাই।
টকও না, ঝালও না
সাদাও না, কালোও না
বেঁধে ছেঁদে রাখা যায় না
ধরতে হলে পাত্র চাই।
কী নাম তার বলতো ভাই?



উত্তর ....

ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

কথায় বাঁধা মজার ধাঁধা

[*খেলার নিয়ম* — নিচে তিনটি ছোট ছোট গল্প আছে। প্রতিটি গল্পই এক একটি ধাঁধা। ভালো করে পড়লেই উত্তরটা পাওয়া যাবে। উত্তরটা গল্পের নিচে খালি জায়গায় লিখতে হবে।]

ধাঁধা —

১) একটা গাছে দশটা পাখি ছিল। একজন শিকারি একটা পাখিকে গুলি করে মাটিতে ফেলে দিল। তাহলে কয়টি পাখি গাছে তখন থাকল?

উত্তর ....

২) দুজন রাখাল গরু চরাচ্ছে মাঠে। দ্বিতীয় রাখালের গরুর সংখ্যা প্রথম জনের থেকে বেশি। প্রথম রাখাল দ্বিতীয় রাখালকে বলল - তুমি আমাকে একটা গরু দাও। তাহলে তোমার আর আমার গরুর সংখ্যা সমান সমান হবে।

তাহলে তাদের প্রত্যেকের কটা করে গরু ছিল?

উত্তর ....

৩) রাজা আর রানি সবে খেতে বসেছে। এমন সময় মন্ত্রী এল সেখানে। মন্ত্রীর বোনও আছে। তিনটে থালায় করে খাবার এল। সবাই খেল। কী করে সেটা ঘটল?

উত্তর ....

ধাঁধাগুলোর সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

গল্পে মোড়া মজার ধাঁধা



গল্পে মোড়া মজার ধাঁধা (১)

[*খেলার নিয়ম* — নিচে একটা গল্প আছে। গল্পের মধ্যে একটা ধাঁধা আছে। ভালো করে পড়লেই সঠিক উত্তরটা খুঁজে পাওয়া যাবে। এরপর উত্তরটা গল্পের নিচে খালি জায়গায় লিখতে হবে।]



মাঝে মাঝে — বাদশা আকবর দরবারে হাজির সভাসদদের সাথে মজা করতেন।

একদিন এমনি এক মজা করার জন্যে বাদশা দরবারে বললেন — একটা ধাঁধার উত্তর খুঁজে পাচ্ছি না। কেউ সঠিক উত্তর বলতে পারলে তাকে আমি মোটা ইনাম দেব।

মোটা ইনামের কথা শুনে সভাসদরা একসাথে বলে উঠলেন — বলুন জাঁহাপনা। আপনার ধাঁধার উত্তর আমরা অবশ্যই দেব।

বাদশা তখন ধীরে ধীরে বললেন — সে সব জায়গাতেই আছে, সব জায়গাতেই যায়। কেউ তাকে আটকাতে পারে না। দিনেও আছে, রাতেও আছে। তবে সব সময় নড়াচড়া করে। তাকে দেখা যায় না, ছোঁয়া যায় না। এই সে-মশাইটি কে?

ধাঁধা শুনে সবাই চুপ। জবাব দিতে কেউ উঠে দাঁড়ালেন না। সকলেই বসে রইলেন।

শুধু উঠে দাঁড়ালেন বাদশা আকবরের প্রিয় সভাসদ রাজা বীরবল। বাদশার অনুমতি নিয়ে ধাঁধার সঠিক উত্তর দিলেন। খুশি হয়ে বাদশা রাজা বীরবলকে এক হাজার মোহর ইনাম দিলেন।

রাজা বীরবল ধাঁধাটির কি উত্তর দিয়ে ছিলেন?

উত্তর ....

ধাঁধাটার সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

গল্পে মোড়া মজার ধাঁধা (২)

[*খেলার নিয়ম* — নিচে একটা গল্প আছে। গল্পের মধ্যে একটা ধাঁধা আছে। ভালো করে পড়লেই সঠিক উত্তরটা খুঁজে পাওয়া যাবে। এরপর উত্তরটা গল্পের নিচে খালি জায়গায় লিখতে হবে।]

তিন বন্ধু ওরা। একজন রাজার ছেলে, একজন মন্ত্রীর ছেলে আর অন্য জন কোটালের ছেলে।

একদিন তারা বিদেশের দিকে রওনা হল। যেতে যেতে এক বনের মাঝে রাত হয়ে গেল। বুনো জন্তু-জানোয়ারের ডাক শোনা যেতে লাগল। ওরা তখন ঠিক করল — গাছের ডালে বসে রাত কাটাবে। পারলে ঘুমোবে। তবে পালা করে এক একজন নিচে পাহারা দেবে।



প্রথমে পড়ল মন্ত্রীর ছেলের পালা। পাহারা দেবার ফাঁকে ফাঁকে সে একটা কাঠের নারীমূর্তি বানাল। মাঝ রাতে কোটালের ছেলের পালা। পাহারা দেবার ফাঁকে সে মূর্তিটাতে প্রাণ দিল।

শেষ রাতে রাজকুমারের পালা। পাহারা দেবার ফাঁকে ফাঁকে সে একটা শাড়ি বুনল। তারপর সেটা সে নারী মূর্তিকে পরাল।

এখন এই কন্যাকে বিবাহ করবে কে?

উত্তর ....

ধাঁধাটার সঠিক উত্তর পাওয়া যাবে এই বইয়ের শেষ পাতায়।

সঠিক উত্তরের পাতা

<u>ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা</u> (১)

উত্তর - ১) আনারস   ২) খেঁজুর গাছ   ৩) মরিচ বা লংকা   ৪) ডিম

<u>ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা</u> (২)

উত্তর - ১) ছাতা   ২) চোখ   ৩) আলু   ৪) বাদুড়

<u>ছবিকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা</u> (৩)

উত্তর - ১) মশারি   ২) আখ   ৩) ঘড়ি   ৪) মেঘ

<u>অক্ষরকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা</u> (১)

উত্তর - ১) টাকা   ২) বাতাস   ৩) হাত   ৪) হাতুড়ি

<u>অক্ষরকে ভর করে ধাঁধার উত্তর খোঁজা</u> (২)

উত্তর - ১) লবণ   ২) গাছ   ৩) খিচুড়ি   ৪) জোঁক

<u>ছড়ায় মোড়া মজার ধাঁধা</u>

উত্তর - ১) জল

<u>কথায় বাঁধা মজার ধাঁধা</u>

উত্তর - ১) একটিও না। সব পাখি উড়ে যাবে। ২) প্রথম রাখালের একটা ও দ্বিতীয় রাখালের তিনটি   ৩) রানি মন্ত্রীর বোন।

সঠিক উত্তরের পাতা

<u>গল্পে মোড়া মজার ধাঁধা</u> (১)

উত্তর - বাতাস।

<u>গল্পে মোড়া মজার ধাঁধা</u> (২)

উত্তর - রাজার ছেলে। কেননা — মন্ত্রীর ছেলে তাকে তৈরি করেছে। আর কোটালের ছেলে তার প্রাণ দিয়েছে। তাই ওরা দুজন কন্যার পিতার মতো। নারীকে শাড়ি-কাপড়, গয়না দেয় তার পতি। রাজার ছেলে শাড়ি দিয়েছে। তাই বিবাহ করতে পারে একমাত্র সে-ই।



